কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।
web: www.pbs4.comilla.gov.bd. e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২৫. ১৭৭০

তারিখঃ ০৬ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ
২৩ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ

**"হিসাব রক্ষক/প্লান্ট হিসাব রক্ষক পদে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ হিসাব রক্ষক/প্লান্ট হিসাব রক্ষক এর শূণ্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্মচারী চাকুরী বিবি, ১৯৯২ (সংশোধিত-২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত (A-4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক/ প্লান্ট হিসাব রক্ষক | ০১ টি | a. Minimum of 05 (Five) years (Ragular Basis) working experience as Assistant Accountant or Assistant Plant Accuntant in a PBS;<br>b. Knowledge in Finance, Accounting Budgeting and Budget Planning is essential;<br>c. Knowledge in PBS Construction and Operation Procedure;<br>d. Able to provide surety bond required by the PBS;<br>e. Computer literacy is must;<br>f. Must fulfill the conditions as follows;<br>Employees serving in the post of Assistant Accountants and Assistant Plant Accountants as will be promoted in the post of Accountant/ Plant Accountant according to their inter PBS seniority subject to strict compliance of the provisions/conditions laid down in section A.a.l.l of PBS policy Instruction 300-24;<br>g. There is no age limit for the above mentioned PBS employees. In case of promotion, continuity of their services, financial benefits, seniority etc. will be protected under PBS Service Rule;<br>h. Departmental Candidates selected by the selection committee shall be appointed as Accountant/ Plant Accountant on current charge for a period of 1 (One) year, which however may be extended for maximum 6 (Six) month. |

**শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ক) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (১) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশসহ আগামী ২১-০৪-২০২৫ খ্রিঃ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লায় স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংশ্লিষ্ট পবিসের এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ-

(ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি;
(গ) বিগত ০৩(তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি;
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি;
(ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
(চ) বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিতকরণপত্রের ফটোকপি;

(ছ) সিনিয়র জেনারেল ম্যানেজার জনারেল ম্যানেজার এর সুপারিশ, অনাপত্তির সনদপত্র এবং বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার স্মারক নম্বর: ২৭.১২.০০০০,০০০,৩১,৭০৮,২৫,২৪৬, তারিখ: ০২/০১/২০১৪ খ্রি মোতাবেক শাস্তি প্রাপ্ত হন নাই ও বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে;

(ঘ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে শাস্তির বিবরণ এবং শাস্তি কার্যকর করার তারিখ নিম্নোক্ত ছকে (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।

| ক্রঃ নং | দন্ডের বিবরণ | স্মারক ও তারিখ | দন্ড ভোগের মেয়াদ শেষের তারিখ |
|---|---|---|---|
| | | | |

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ-**

(ক) কোন কর্মচারীর উপর কোন দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১ (এক) বৎসর এবং গুরুদন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ (দুই) বৎসরের মধ্যে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন না,

(খ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত ঘোষিত হয়েছেন;

(গ) সার্ভিস রেকর্ড সন্তোষজনক বিবেচিত না হলে।

০৪। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় অব্যাহতি গ্রহণকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৫। পদোন্নতির ক্ষেত্রে কোনো জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকাভুক্ত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৬। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্তসম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে (যদি থাকে) উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৮। পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৯। কোনো প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হলে এবং তদন্তপূর্বক তা প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। যে কোনো আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোনো বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ ৬।৪।২৫
(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............১/২/৩/৪ → **বিজ্ঞপ্তিটি আপনার পবিসের যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।**
০৫। ডিজিএম, নাঙ্গলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
০৬। ডিজিএম (সদর দপ্তর-কারিগরি) কুমিল্লা পবিস-৪।
০৭। এজিএম (অর্থ/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), কুমিল্লা পবিস-৪।
০৮। এজিএম(ওএন্ডএম), জোড্ডা/নাথেরপেটুয়া সাব জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
০৯। এজিএম (আইটি), কুমিল্লা পবিস-৪ (অত্র পবিসের ওয়েসাইটে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হলো)।
১০। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪।
১১। অফিস/মাস্টার কপি।

স্বাঃ ৬।৪।২৫
(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার